

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০০১.২০১১(অংশ-১).৪৯


তারিখ : ২৭.০১.২০১৬খ্রি:।

বিষয় : বাল্য বিবাহ সংক্রান্ত পরামর্শক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র : ১. অত্র বিভাগের স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০১.০০.০১৩.২০১১.৬৩৫, তারিখ : ১৬.০৬.২০১৪খ্রি:।  
২. অত্র বিভাগের স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০১.০০.০১৩.২০১১.৮৪৫, তারিখ : ০১.১২.২০১৪খ্রি:।  
৩. অত্র বিভাগের স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০১.০০.০১৩.২০১১.৩৫৫, তারিখ : ২৯.০৭.২০১৫খ্রি:।  
৪. অত্র বিভাগের স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০১.০০.০১৩.২০১১.৩৭৬, তারিখ : ০৪.০৮.২০১৫খ্রি:।  
৫. অত্র বিভাগের স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০১.০০.০১৩.২০১১.৬৯৯, তারিখ : ২৭.১২.২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারক সমূহের ধারাবাহিকতায় জানানো যাচ্ছে যে, গভর্নেন্স ইনোভেশন ইউনিট কর্তৃক বাল্য বিবাহ প্রতিরোধে মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গরহর রিজভীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত নং খ ২(ক) মোতাবেক ম্যারেজ রেজিস্ট্রারের অফিস ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স বা তার নিকটবর্তী স্থানে স্থাপন করা সংক্রান্তে সর্বশেষ অগ্রগতি নিয়ে মূখ্য সচিব মহোদয়ের নেতৃত্বে একটি পর্যালোচনা সভা আগামী ০৯ ফেব্রুয়ারী/২০১৬ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে মর্মে জানানো হয়েছে। কিন্তু অদ্যাবদি তাঁর জেলা থেকে এতদসংক্রান্ত কোন তথ্য (ছক মোতাবেক)/অগ্রগতির তথ্য অত্র বিভাগে পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, ম্যারেজ রেজিস্ট্রারের অফিস ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে বা তার নিকটবর্তী স্থানে স্থাপন করা সংক্রান্ত সর্বশেষ তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ০৫/০২/২০১৬ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে (ইমেইল-nbasir69@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(সৈয়দ মোঃ নূরুল বাসির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫১৪১৯০

জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা)

-----।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

১. মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

= ছক =

জেলা	উপজেলা	ইউনিয়ন	ইউপি কমপ্লেক্স আছে কিনা?	ইউপি কমপ্লেক্সে ম্যারেজ রেজিস্ট্রারের অফিস স্থানান্তরিত হয়েছে কিনা?	মন্তব্য/স্থানান্তর না করার কারণ